প্রথম-পাদে চতুর্থাদূর্দ্ধং ন-কারস্য সত্বাৎ, তৃতীয়-পাদে চতুর্থাদূর্দ্ধং ভ-কারস্য সত্বাচ্চ গণদ্বয়ঘটিতবিপুলাত্বাৎ সঙ্কীর্ণ-বিপুলেয়ম্ ইতি বোধ্যম্।

উক্ত কবিতায় দ্বিতীয় ও চতুর্থ পাদে জ-গণ থাকায় এবং প্রথম ও তৃতীয় পাদে যথাক্রমে ন ও ভ এই দুই বিভিন্ন গণ থাকায় ইহা সঙ্কীর্ণ-বিপুলা-বক্ত্র হইল।

আর্য্যা-চ্ছন্দঃ

(কবিভূষণ শ্রীপূর্ণচন্দ্র দে কাব্য-রত্ন উদ্ভটসাগর বি-এ)

ছন্দঃ প্রধানতঃ দুই প্রকার,—বৈদিক ও লৌকিক। লৌকিক-চ্ছন্দঃ দুই ভাগে বিভক্ত,—বর্ণ-চ্ছন্দঃ ও মাত্রা-চ্ছন্দঃ। আর্য্যা-চ্ছন্দঃ মাত্রা-চ্ছন্দেরই অন্তর্গত।

মাত্রা-চ্ছন্দঃ 'বেদে' দেখিতে পাওয়া যায় না। ইহা সংস্কৃত-সঙ্গীত-রচনায় ও পত্রাদি-লেখনেই ব্যবহৃত হইয়া থাকে। 'গীত-গোবিন্দ', 'গীতাবলী' 'আর্য্যা-সপ্তশতী' প্রভৃতি গ্রন্থ মাত্রা-চ্ছন্দেই রচিত। মহর্ষি-বেদব্যাস-প্রণীত "মহাভারতেও" আর্য্যা-চ্ছন্দের কবিতা দেখিতে পাওয়া যায় না।

"জন্ম শ্বপাকমধ্যে, মমাস্তু হরিচরণবন্দনরতস্য।
মা চানীশ্বরভক্তে, ভবানি ভবনেঽপি শক্রস্য॥

এই একটী-মাত্র আর্য্যা-চ্ছন্দের কবিতা সমগ্র মহাভারতের মধ্যে দেখিতে পাওয়া যায়। ইহা প্রক্ষিপ্ত বলিয়াই মনে হয়। শ্রীমদ্-ভাগবতেও আর্য্যা-চ্ছন্দের কবিতা দেখিতে পাওয়া যায় না।

এক্ষণে দেখা যাউক, আর্য্যা-চ্ছন্দঃ কয় ভাগে বিভক্ত এবং ইহার প্রকৃতি কিরূপ? কেহ কেহ কহেন, আর্য্যা-চ্ছন্দঃ প্রধানতঃ দুই ভাগে বিভক্ত, পূর্ব্বার্দ্ধ ও পরার্দ্ধ; অন্য কেহ কেহ বলেন, ইহা চারি ভাগে বিভক্ত,—প্রথম-পাদ, দ্বিতীয়-পাদ, তৃতীয়-পাদ ও চতুর্থ-পাদ। আর্য্যা-চ্ছন্দে কবিতা লিখিতে হইলে ৪টী বিধি ও ২টী নিষেধ মানিয়া চলিতে হয়। এই ৪টী বিধি ও ২টী নিষেধ কি কি, তাহা পশ্চাদ্-ভাগে লিখিত হইতেছে।

মহর্ষি পিঙ্গলের বৃত্তিকার হলায়ুধ ৮০ প্রকার আর্য্যা-চ্ছন্দের নামোল্লেখ করিয়াছেন। এতদ্ভিন্ন "বৃত্তরত্নাকরের" টীকাকার নারায়ণ-ভট্ট আরও ১১ প্রকার আর্য্যা-চ্ছন্দের নাম নির্দ্দেশ করিয়া গিয়াছেন। সুতরাং স্পষ্টই দেখিতে পাওয়া যাইতেছে যে, আর্য্যা-চ্ছন্দ সর্ব্বশুদ্ধ ৯১ প্রকার। ইহাদের প্রত্যেকের নাম, লক্ষণ ও উদাহরণ যথাসম্ভব ক্রমশঃ লিখিত হইতেছে।

আর্য্যা-চ্ছন্দের স্বরূপ দেখাইবার পূর্ব্বে 'মাত্রা' সম্বন্ধে কিছু বলা কর্ত্তব্য। বর্ণ-চ্ছন্দে যেমন ৩টী অক্ষরে এক একটী 'ত্রিকল'-গণ হয়, মাত্রা-চ্ছন্দে সেরূপ ৪টী মাত্রায় এক একটী 'চতুষ্কল'-গণ হইয়া থাকে। আর্য্যা-চ্ছন্দে পঞ্চ-প্রকার চতুষ্কল-গণ দেখিতে পাওয়া যায়। যথা,—(১) সর্ব্বগুরু (।।); (২) অন্ত-গুরু (।।।); (৩) মধ্য-গুরু (।।।); (৪) আদি-গুরু (।।।; (৫) সর্ব্ব-লঘু (।।।।)। এতদ্ভিন্ন 'ল' বলিলে একটী লঘু (১ মাত্রা) এবং 'গ' বলিলে একটী গুরু (২ মাত্রা) বুঝিতে হইবে। 'খ' বলিলে 'সর্ব্ব-লঘু' বুঝায়।

(১) পথ্যার্য্যা।

ভিন্ন ভিন্ন ছন্দোবিদ্-গণ 'পথ্যার্য্যা'-সম্বন্ধে যে যে নিয়ম করিয়া গিয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল :—

(১) 'স্বরা অর্দ্ধঞ্চার্য্যার্দ্ধম্' (পিঙ্গল ৪।১৪)। (২) অত্রাযুগ্ন জ্ (পি ৪।১৫)। (৩) ষষ্ঠো জ্ (পি ৪।১৬)। (৪) ন্লৌ বা (পি ৪।১৭)। (৫) ন্লৌ চেৎ পদং দ্বিতীয়াদি (পি ৪।১৮)। (৬) সপ্তমঃ প্রথমাদি (পি ৪।১৯)। (৭) অন্ত্যে পঞ্চমঃ (পি ৪।২০)। (৮) ষষ্ঠশ্চ ল্ (পি ৪।২১)

"লক্ষ্মৈতৎ সপ্তগণা, গোপেতা ভবতি নেহ বিষমে জঃ।
ষষ্ঠো জশ্চ নলঘু বা, প্রথমেহর্দ্ধে নিয়তমার্য্যায়াঃ॥
ষষ্ঠে দ্বিতীয়লাৎ পরকে, ন্লে মুখলাচ্চ সযতিপদনিয়মঃ।
চরমেহর্দ্ধে পঞ্চমকে, তস্মাদিহ ভবতি ষষ্ঠো লঃ॥"

(কেদারভট্টো গঙ্গাদাসশ্চ)

পিঙ্গল, কেদার-ভট্ট ও গঙ্গাদাস কৃত আর্য্যা-চ্ছন্দের যে সকল নিয়ম উপরি-ভাগে প্রদত্ত হইল, তাহাদের একরূপই ফলিতার্থ। পূর্ব্বেই কথিত হইয়াছে যে, আর্য্যা-চ্ছন্দে ৪টী বিধি ও ২টী নিষেধ মানিয়া চলিতে হয়। এই সকল বিধি ও নিষেধ কি, তাহা পর্য্যায়ক্রমে নিম্ন-ভাগে প্রদত্ত হইল :—

১। বিধি।

(ক) প্রথম-বিধি মাত্রা-রক্ষা।

আর্য্যা-ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৮ মাত্রা ও ১৫ মাত্রা থাকে।

(খ) দ্বিতীয়-বিধি গণ-রক্ষা।

আর্য্যা-ছন্দের প্রথমার্দ্ধে ৭টী 'চতুষ্কল' গণ (২৮ মাত্রা) এবং সর্ব্বশেষে একটী গুরুবর্ণ (২ মাত্রা) থাকে। সর্ব্বশেষে একটী গুরুবর্ণ না রাখিয়া দুইটি লঘুবর্ণ রাখিলে ক্ষতি নাই। প্রথমার্দ্ধের ৬ষ্ঠ গণ যেন জ-গণ (গুরু-মধ্য) অথবা চতুর্লঘু হয়। এতদ্ভিন্ন দ্বিতীয়ার্দ্ধের ৬ষ্ঠ গণ যাহাতে একটীমাত্র লঘুবর্ণ হইতে পারে, তদ্বিষয়েও বিশেষ দৃষ্টি রাখিতে হইবে; এই কয়েকটী বিষয়েই প্রথমার্দ্ধের সহিত দ্বিতীয়ার্দ্ধের পার্থক্য থাকে। অবশিষ্ট বিষয়ে সমস্তই সমান। প্রয়োজন হইলে, প্রথমার্দ্ধের ও দ্বিতীয়ার্দ্ধের শেষে একটী লঘুবর্ণকে (এক মাত্রাকে) গুরুবর্ণ (দুই মাত্রা) বলিয়া গ্রহণ করা যাইতে পারে, কিন্তু একটি গুরুবর্ণকে (দুই মাত্রাকে) লঘুবর্ণ (এক মাত্রা) বলিয়া কিছুতেই গ্রহণ করা যাইতে পারে না।

(গ) তৃতীয়-বিধি যতি-রক্ষা।

"পূর্ব্বার্দ্ধে ষষ্ঠো জঃ, খো (সর্ব্বলঘুঃ) বা খে চাস্য লঘুনি ভবতি যতিঃ।
ষষ্ঠঃ খপরোঽত্র ক্ষতি, অর্য্যোঽপাথ ভবতি চরমদলে।" (ছন্দোমাণিক্যকারঃ)

"ষষ্ঠে দ্বিতীয়মাত্রায় লমেবারভ্যতে পদম্।
সপ্তমে নে পুনর্ম্মুখ্যং পূর্ব্বার্দ্ধেঽসৌ যতিঃ স্মৃতা॥
পদমারভ্যতে নিত্যং গৃহীত্বা প্রথমং লঘু।
পঞ্চমে নে বুধৈরেবং চরমার্দ্ধে স্মৃতা যতিঃ॥"

(ক্ষেত্ররাজঃ)

'যতি'-শব্দের অর্থ—'জিহ্বার ইষ্ট বিশ্রাম-স্থান'। যতি-রক্ষা করিবার নিয়ম এই :—

১। পূর্ব্বার্দ্ধে ৬ষ্ঠ গণ সর্ব্বলঘু (চতুর্লঘু) হইলে ১ম লঘুর পরেই যতি পড়িবে।

২। পূর্ব্বার্দ্ধে ৭ম গণ সর্ব্বলঘু (চতুর্লঘু) হইলে ৬ষ্ঠ গণের পরেই যতি পড়িবে।

৩। পরার্দ্ধে ৫ম গণ সর্ব্বলঘু (চতুর্লঘু) হইলে ৪র্থ গণের পরেই যতি পড়িবে।

(ঘ) চতুর্থ-বিধি পঠন-প্রণালী-রক্ষা।

"প্রথম-পাদঃ হংসপদবদ্ মন্থরং, দ্বিতীয়ঃ সিংহবিক্রমবদ্ উদ্ধতং, তৃতীয়ো গজেন্দ্রপদবৎ সলীলং, চতুর্থঃ সর্পগতিবৎ চপলং পঠ্যতে" (শিরোমণিঃ)। আর্য্যা-চ্ছন্দের প্রথম-পাদ হংসের ন্যায় মন্থর-ভাবে, দ্বিতীয়-পাদ সিংহের ন্যায় উদ্ধত-ভাবে, তৃতীয়-পাদ হস্তীর ন্যায় মৃদু-মন্দ-ভাবে, এবং চতুর্থ-পাদ সর্পের ন্যায় চঞ্চল-ভাবে পাঠ করিতে হইবে।

২। নিষেধ।

আর্য্যা-চ্ছন্দে ২টী নিষেধ মানিয়া চলিতে হয়।

(ক) প্রথম নিষেধ।

"অত্রাযুঙ্ ন জ্" (পিঙ্গল ৪।১৫)

"অত্র আর্য্যা-চ্ছন্দসি অযুগ্ গণঃ প্রথমস্তৃতীয়ঃ পঞ্চমঃ সপ্তমশ্চ মধ্যগুরুর্ন কর্ত্তব্যঃ" (হলায়ুধঃ)।

আর্য্যা-চ্ছন্দের প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম গণ মধ্যগুরু (জ-গণ) হইবে না।

(খ) দ্বিতীয় নিষেধ।

আর্য্যা-চ্ছন্দে ৪টী মাত্রা লইয়া এক একটী গণ হইয়া থাকে। ইহাকেই

'চতুষ্কল' গণ বলা হয়। ৪টী মাত্রায় চতুষ্কল গণ না থাকিয়া ৫টী মাত্রায় 'পঞ্চকল' গণ থাকিলেই ছন্দঃ-পতন হইয়া যাইবে। নিম্নে ইহার একটী উদাহরণ দেওয়া গেল :—

"নূতনজলধররুচয়ে, গোপবধূটীদুকূল চৌরায়।
তস্মৈ নমঃ কৃষ্ণায়, সংসারমহীরুহস্য বীজায়॥"

(বিশ্বনাথন্যায়পঞ্চাননস্য)

এই শ্লোকটীর ৩য় পাদে অর্থাৎ "তস্মৈ নমঃ কৃষ্ণায়" এই অংশটীতে 'নমঃ কৃষ্' এই দ্বিতীয়-গণ 'পঞ্চকল' হওয়ায় ছন্দোভঙ্গ হইয়াছে। ইহা শোধন করিতে হইলে "তস্মৈ কৃষ্ণায় নমঃ" এইরূপ করা চাই। এইরূপ করিলে 'কৃষ্ণা' এই চতুষ্কল গণ প্রাপ্ত হওয়া যায়। যে নৈয়ায়িক-কুল-পতি বিশ্ব-বিখ্যাত বিশ্বনাথ ন্যায়পঞ্চানন মহাশয় একবার-মাত্র মুখ-ব্যাদান করিলে সহস্র সহস্র আর্য্যা-ছন্দের কবিতা বাহির হইয়া পড়িত, তিনি যে নিজ "ভাষা-পরিচ্ছেদের" একটী মঙ্গলাচরণ শ্লোক লিখিতে গিয়া ছন্দোভঙ্গ করিবেন, ইহা মনে করিলেও মহাপাপ উপস্থিত হয়। পুঁথির দোষেই এইরূপ ব্যাপার ঘটিয়া থাকিবে। দুঃখের বিষয় এই যে, যাঁহারা উক্ত গ্রন্থখানি মুদ্রিত ও সম্পাদিত করিয়াছেন, তাঁহারাও আর্য্যা-ছন্দে অজ্ঞতা-বশতঃ এইরূপ দুষ্ট পাঠ রাখিয়া গিয়াছেন।

এখন দেখা যাউক, 'পথ্যার্য্যা-চ্ছন্দঃ কাহাকে বলে। 'পথ্যার্য্যা'-চ্ছন্দের লক্ষণ ও উদাহরণ এই :—

"ত্রিষু গণেষু পাদঃ পথ্যাঽদ্যে চ" (পিঙ্গল ৪।২২)

"ত্রিষ্বংশকেষু পাদো, দলয়োরাদ্যেষু দৃশ্যতে যস্যাঃ।
পথ্যেতি নাম তস্যা, শ্ছন্দোবিদ্ভিঃ সমাখ্যাতম্॥"

(কেদার-ভট্টঃ)

"প্রথমগণত্রয়বিরতি, র্দলয়োরুভয়োঃ প্রকীর্ত্তিতা পথ্যা"

(গঙ্গাদাসঃ)

যে আর্য্যা-ছন্দের পূর্ব্বার্দ্ধে ও পরার্দ্ধে ৩টী চতুষ্কল গণ লইয়া এক একটী পাদ সমাপ্ত হয়, তাহাকে 'পথ্যার্য্যা' কহে। দ্বিতীয়-পাদের ৬ষ্ঠ গণে জ-গণের (গুরু-মধ্যের) উদাহরণ :—

"পথ্যাশী ব্যায়ামী, স্ত্রীষু জিতাত্মা নরো ন রোগী স্যাৎ।
যদি বচসা মনসা বা, দ্রুহ্যতি নিত্যং ন ভূতেভ্যঃ॥"

(হলায়ুধস্য)

দ্বিতীয়-পাদের ৬ষ্ঠ গণে চতুর্লঘু-গণের উদাহরণ :—

"মৃগমীনসজ্জনানাং, তৃণজলসন্তোষবিহিতবৃত্তীনাম্।
লুব্ধকধীবরপিশুনা নিষ্কারণবৈরিণো জগতি॥"

(ভর্ত্তৃহরেঃ)

'পথ্যার্য্যা'-ছন্দ-সম্বন্ধে উপরি-ভাগে যে সকল বিধি ও নিষেধের কথা বলা হইয়াছে, তাহা সমস্তই এই শ্লোকটীতে সুরক্ষিত হইয়াছে। কোন স্থানে কোনরূপ ত্রুটী হয় নাই।

এখানে একটী বিশেষ বক্তব্য বিষয় আছে। মহাকবি কালিদাস আর্য্যা (পথ্যার্য্যা) সম্বন্ধে যাহা বলিয়া গিয়াছেন, তাহা বিশেষ-রূপে প্রণিধান করিয়া দেখা উচিত। তিনি স্বীয় "শ্রুতবোধ"-নামক ছন্দোগ্রন্থে আর্য্যার (পথ্যার্য্যার) এইরূপ নিয়ম করিয়াছেন :—

"যস্যাঃ পাদে প্রথমে, দ্বাদশ মাত্রাস্তথা তৃতীয়েঽপি।
অষ্টাদশ দ্বিতীয়ে, চতুর্থকে পঞ্চদশ সার্য্যা॥"

(কালিদাসঃ)

এই আর্য্যা-ছন্দের উক্ত নিয়মটীর অর্থ এই :—যে ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৮ ও ১৫ মাত্রা থাকে, তাহাকে 'আর্য্যা-ছন্দঃ' কহে। মহর্ষি পিঙ্গল, অগ্নিপুরাণ, কেদার-ভট্ট, নারায়ণ-ভট্ট, রামচন্দ্র কবি-ভারতি, দামোদর-মিশ্র, গঙ্গাদাস—ইঁহাদের সকলেরই মতে "আর্য্যা"-ছন্দে মাত্রা, গণ ও যতি, এই তিনটী রক্ষা করিয়া

চলিতে হয়। বিশেষতঃ নিষেধ গুলিও মানিতে হয়; কিন্তু দুঃখের ও বিস্ময়ের বিষয় এই যে, কালিদাস কেবল মাত্রার কথা বলিয়াই ক্ষান্ত হইয়াছেন। তিনি গণ, যতি ও নিষেধের কিছুমাত্র উল্লেখ করেন নাই। কালিদাস স্বীয় "শকুন্তলা"-গ্রন্থে বহুসংখ্যক 'আর্য্যা'-চ্ছন্দের কবিতা দিয়াছেন। এই কবিতা-গুলিতে তিনি মাত্রা, গণ, যতি ও নিষেধগুলি যথাযথ রক্ষা করিয়া গিয়াছেন। "শ্রুতবোধ" খানি তিনি স্ত্রীলোকের নিমিত্তই রচনা করিয়াছিলেন। গণ, যতি ও নিষেধের কথা বলিলে পাছে গ্রন্থখানি জটিল হইয়া পড়ে এবং কোমল-মতি স্ত্রীলোকের পক্ষে দুর্বোধ হয়, এই আশঙ্কা করিয়াই, বোধ হয়, তিনি "শ্রুতবোধ"-গ্রন্থে গণ, যতি ও নিষেধের উল্লেখ না করিয়া কেবল মাত্রার উল্লেখ করিয়া গিয়াছেন। কালিদাস 'পাকা ছেলে'। তিনি শকুন্তলার 'আর্য্যা-চ্ছন্দো-ঘটিত' শ্লোকে ভিতরে ভিতরে ঠিক মাত্রা, গণ, যতি ও নিষেধ বাক্য মানিয়া চলিয়াছেন, অথচ স্ত্রীলোককে বুঝাইবার জন্য কেবল মাত্রার নির্দ্দেশ করিয়া গিয়াছেন।

এস্থলে আরও একটী বক্তব্য বিষয় আছে। কালিদাস যে উল্লিখিত কবিতায় 'আর্য্যা'-চ্ছন্দের লক্ষণ করিয়াছেন, তাহা কালিদাসের মতে 'আর্য্যা', কিন্তু পিঙ্গলের মতে তাহা 'জঘন-চপলা'। পরবর্ত্তী 'জঘন-চপলার' লক্ষণ ও উদাহরণ দেখিলেই ইহা প্রতিপন্ন হইবে।

বর্ণ-চ্ছন্দঃ অপেক্ষা মাত্রা-চ্ছন্দঃ, বিশেষতঃ 'আর্য্যা'-চ্ছন্দঃ অত্যন্ত দুরূহ। 'বর্ণ-চ্ছন্দোভঙ্গ' হইলে তাহা শুনিবামাত্র ধরিতে পারা যায়, কিন্তু 'আর্য্যা-চ্ছন্দোভঙ্গ' হইলে তাহা সহজে ধরিতে পারা যায় না।

কেহ কেহ "শ্রুতবোধের" লক্ষণানুসারে কেবল মাত্রার সাহায্যে 'আর্য্যা'-চ্ছন্দে কবিতা-রচনা করিয়া থাকেন। কিন্তু এরূপ করা ভ্রমাত্মক ও হাস্য-জনক। কোন এক প্রথিত-নামা সংস্কৃতজ্ঞ পণ্ডিত লিখিয়াছেন :—

"সাধু বিধাতুমশক্যং, যদি কৃত্যং যততে জনস্তথাপি।
শ্রমমিহ তেন সুদুর্গে, সারদারঞ্জনো বিতনোতি॥"

এই শ্লোকটীতে অনেকগুলি দোষ আছে। প্রথমতঃ, প্রথমার্দ্ধে ৬ষ্ঠগণে 'তেজনস্' এই পঞ্চকল-গণ রহিয়াছে; এস্থানে জ-গণ অথবা চতুর্লঘু থাকা উচিত ছিল। দ্বিতীয়তঃ, দ্বিতীয়ার্দ্ধে 'সারদা' ও 'রঞ্জনো' এই দুইটী পঞ্চকল-গণ রহিয়াছে; সুতরাং ৬ষ্ঠ গণই জন্মে নাই।

(২) আদি-বিপুলার্য্যা।

"বিপুলান্যা" (পি ৪।২৩)

"উল্লঙ্ঘ্য গণত্রয়মাদিমং শকলয়োর্দ্বয়োর্ভবতি পাদঃ।
যস্যাস্তাং পিঙ্গলনাগো বিপুলামিতি সমাখ্যাতি॥ (কেদার-ভট্টঃ)

"যস্যাঃ আর্য্যায়া অন্ত্যে অর্দ্ধে আদ্যে বা উভয়োর্ব্বা ত্রিষু গণেষু পাদো ন বিশ্রাম্যতি, সা আর্য্যা বিপুলা নাম।" (হলায়ুধঃ)

"পিঙ্গলনাগঃ শেষঃ তাং বিপুলামিতি সমাখ্যাতি বিপুলেতি ক্রূতে। তামিতি কাম্? যস্যা আর্য্যায়াঃ সকলয়োর্দ্বয়োঃ পূর্ব্বার্দ্ধপরার্দ্ধয়োঃ আদিমং গণত্রয়মুল্লঙ্ঘ্য আদিভূতান্ ত্রীন্ গণান্ লঙ্ঘয়িত্বা 'চতুর্থে গণার্দ্ধে' 'দিমম্' ইত্যত্র পাদো ভবতি। (রামচন্দ্র কবি-ভারতিঃ)

এই দুইটী সূত্রেরই ফলিতার্থ একরূপ। এখন দেখা যাউক, 'বিপুলা'-চ্ছন্দঃ কি? যে আর্য্যা-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধে, পরার্দ্ধে অথবা উভয়ার্দ্ধে প্রথম ৩টী গণের পরে 'যতি' না পড়িয়া চতুর্থ গণের মধ্যে যতি পড়ে, তাহাকে 'বিপুলার্য্যা' কহে।

"যস্যা আর্য্যায়া আদ্যে অর্দ্ধে ত্রিষু গণেষু পাদো ন বিশ্রাম্যতি, অপি তু চতুর্থগণার্দ্ধ এব বিরমতি, সা আর্য্যা 'আদি-বিপুলার্য্যা' নাম।" (হলায়ুধঃ)

'বিপুলার্য্যা' তিন প্রকার;—আদি-বিপুলা, অন্ত-বিপুলা ও উভয়-বিপুলা। যখন পূর্ব্বার্দ্ধে প্রথম ৩টী গণের পরে 'যতি' না পড়িয়া চতুর্থ গণার্দ্ধে যতি পড়ে, তখন ইহাকে 'আদি-বিপুলা' বলে। উদাহরণ:—

"স্নিগ্ধচ্ছায়ালাবণ্যলেপিনী কিঞ্চিদ্ অবনতঘ্রাণা।
মুখবিপুলা সৌভাগ্যং লভতে স্ত্রীত্যাহ মাণ্ডব্যঃ॥" (হলায়ুধঃ)

এই শ্লোকটীর পূর্ব্বার্দ্ধে 'স্নিগ্ধচ্ছায়ালাব' এই প্রথম তিনটী চতুষ্কল গণ অতিক্রম করিয়া চতুর্থ গণার্দ্ধে অর্থাৎ 'লাবণ্য' শব্দের অন্তে যতি পড়িয়াছে ও প্রথম পাদ সমাপ্ত হইয়াছে। এই হেতু ইহার নাম 'আদি-বিপুলার্য্যা'।

(৩) অন্ত-বিপুলার্য্যা।

"যস্যা আর্য্যায়া অন্ত্যে অর্দ্ধে ত্রিষু গণেষু পাদো ন বিশ্রাম্যতি, অপি তু চতুর্থগণার্দ্ধ এব বিরমতি, সা আর্য্যা 'অন্ত-বিপুলা' নাম।" (হলায়ুধঃ)

যে বিপুলার্য্যার পরার্দ্ধে প্রথম ৩টী গণের পরে 'যতি' না পড়িয়া ৪র্থ গণার্দ্ধে 'যতি' পড়ে, তাহাকে 'অন্ত-বিপুলার্য্যা' কহে। উদাহরণ :—

"চিত্তং হরন্তি হরিণীদীর্ঘদৃশঃ কামিনাং কলালাপৈঃ।
নীবীবিমোচনব্যাজকথিতজঘনা জঘনবিপুলা"॥ (হলায়ুধঃ)

এই শ্লোকটীর পরার্দ্ধে 'নীবীবিমোচনব্যা' এই প্রথম ৩টী চতুষ্কল-গণ অতিক্রম করিয়া ৪র্থ গণার্দ্ধে অর্থাৎ 'ব্যাজ' শব্দের অন্তে যতি পড়িয়াছে ও প্রথম-পাদ সমাপ্ত হইয়াছে। এই হেতু ইহার নাম 'অন্ত বিপুলার্য্যা' বা 'জঘন-বিপুলার্য্যা'।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭
"অশ্বি-যম-দহন-কমলজ,-শশি-শূলভৃদদিতি-জীব-ফণি-পিতরঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬
যোন্য-র্য্যম-দিনকৃৎ-ত্বষ্টৃ,-পবন-শক্রাগ্নি-মিত্রাশ্চ॥

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭
শক্রো নির্ঋতি তোয়ং বিশ্ববিরিঞ্চী হরি র্বসু র্বরুণঃ।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭
অজপাদোঽহির্ব্রধ্নঃ পূষা চেতীশ্বরা ভানাম্॥" (জ্যোতিষ-শাস্ত্রম্)

এই দুইটী শ্লোক-সম্বন্ধে একটী হাস্য-জনক গল্প আছে। স্থানাভাবে তাহা বলা হইল না। কোন কোন পণ্ডিত-মহাশয় সাধারণতঃ ইহাদিগকে পদ্যাকারে

পাঠ করিয়া থাকেন। বস্তুতঃ ইহারা গদ্য নহে,—পদ্য। উক্ত দুইটী শ্লোকের প্রথমটীর ৩য় পাদে 'যোগ্য' হইতে 'ত্বষ্টৃ' এই শব্দের 'ত্ব' বর্ণ পর্য্যন্ত ৩টী চতুষ্কল-গণ (১২ মাত্রা) রহিয়াছে, কিন্তু এই ১২ মাত্রার পরে যতি না পড়িয়া 'ষ্টৃ'-বর্ণের পরে 'যতি' পড়িতেছে এবং পাদ-শেষ হইতেছে। সুতরাং ৪র্থ গণের মধ্যে 'যতি' পড়ায় ও পাদ-শেষ হওয়ায় প্রথম শ্লোকটীর ছন্দের নাম 'অন্ত-বিপুলার্য্যা' বা 'জঘন-বিপুলার্য্যা' হইল। দ্বিতীয় শ্লোকটীর ছন্দের নাম 'পথ্যার্য্যা'।

(৪) উভয়-বিপুলার্য্যা।

"যস্যা আর্য্যায়া উভয়োরর্দ্ধয়োঃ ত্রিষু গণেষু পাদো ন বিশ্রাম্যতি, অপি তু চতুর্থ-গণার্দ্ধ এব বিরমতি, সা আর্য্যা 'উভয়-বিপুলা' নাম"। (হলায়ুধঃ)

যে বিপুলার্য্যার পূর্ব্বার্দ্ধে ও পরার্দ্ধে প্রথম ৩টী গণের পরে 'যতি' না পড়িয়া ৪র্থ গণার্দ্ধে 'যতি' পড়ে, তাহাকে 'উভয়-বিপুলার্য্যা' কহে। উদাহরণ:—

"যা স্ত্রী কুচকলসনিতম্বমণ্ডলে জায়তে মহাবিপুলা।
গম্ভীরনাভিরতিদীর্ঘলোচনা ভবতি সা সুভগা।" (হলায়ুধঃ)

এই শ্লোকটীর পূর্ব্বার্দ্ধে 'যা স্ত্রী কুচকলসনিত' এবং পরার্দ্ধে 'গম্ভীরনাভিরতিদী' এই প্রথম ৩টী চতুষ্কল-গণ অতিক্রম করিয়া যথাক্রমে ৪র্থ গণার্দ্ধে অর্থাৎ 'নিতম্ব' শব্দের ও 'দীর্ঘ' শব্দের অন্তে 'যতি' পড়িয়াছে এবং প্রথম পাদ সমাপ্ত হইয়াছে। এই হেতু ইহার নাম 'উভয়-বিপুলার্য্যা'।

(৫) মুখ-চপলা পথ্যার্য্যা

"চপলা দ্বিতীয়চতুর্থৌ গ্মধ্যো জৌ।" (পিঙ্গল ৪।২৪)

"উভয়ার্দ্ধয়োর্জকারৌ দ্বিতীয়তুর্য্যৌ মধ্যগৌ যস্যাঃ।
চপলেতি নাম তস্যাঃ প্রকীর্ত্তিতং নাগরাজেন।" (কেদার-ভট্টঃ)

"দলয়োর্দ্বিতীয়তুর্য্যৌ গণৌ জকারৌ তু যত্র চপলা সা।"

(গঙ্গাদাসঃ)

"দ্বিতীয়-চতুর্থৌ গণৌ মধ্যগুরূ (।।।) ভবতঃ, প্রথমশ্চান্তগুরুঃ (।।।), তৃতীয়ো দ্বিগুরুঃ (।।), পঞ্চমশ্চাদিগুরুঃ (।।।), শেষং যথাপ্রাপ্তম্। এবং গকারয়োর্মধ্যে দ্বিতীয়-চতুর্থৌ জ-কারৌ ভবতঃ, সা আর্য্যা 'চপলা' নাম।"

(হলায়ুধঃ)

'চপলা'-ছন্দের দ্বিতীয় ও চতুর্থ গণ মধ্যগুরু (জ-গণ), প্রথম গণ অন্তগুরু (স-গণ), তৃতীয় গণ দ্বিগুরু, পঞ্চম গণ আদিগুরু (ভ-গণ), অবশিষ্টগুলির সম্বন্ধে বিশেষ কোন নিয়ম নাই। দ্বিতীয় ও চতুর্থ গণের প্রত্যেকের পূর্ব্বে ও পরে একটী করিয়া গুরুবর্ণ থাকিবে।

"পূর্ব্বে মুখপূর্ব্বা" (পি ৪।২৫)

"পূর্ব্বে অর্দ্ধে চপলা-লক্ষণং চেদ্ ভবতি, তদা সা আর্য্যা 'মুখচপলা' নাম।

(হলায়ুধঃ)।

যদি আর্য্যার পূর্ব্বার্দ্ধে চপলা-লক্ষণ থাকে, তাহা হইলে সেই আর্য্যার নাম 'মুখ-চপলা'।

"অত্র মুখ-জঘন-শব্দয়োঃ ক্রমেণ পূর্ব্বমুত্তরমর্থঃ। যথা শরীরস্য মুখং পূর্ব্বং জঘনং চোত্তরমতোঽত্রাপি ছন্দঃ-শাস্ত্রে আর্য্যাপূর্ব্বোত্তরার্দ্ধয়োঃ মুখজঘনত্বকল্পনা। আর্য্যোদাহরণেষু তু মুখজঘনাদিশব্দানাং পক্ষে প্রকৃতার্থোঽপি পরিগৃহ্যতে।"—শীলস্কন্ধমহাস্থবিরঃ।

এখানে 'মুখ'-শব্দের অর্থ 'পূর্ব্ব' এবং 'জঘন'-শব্দের অর্থ 'উত্তর'। শরীরের পূর্ব্ব-ভাগ মুখ এবং উত্তর-ভাগ জঘন, এইরূপ কল্পনাই এখানে করা হইয়াছে। আর্য্যার উদাহরণে মুখ ও জঘন শব্দের প্রকৃত অর্থও গৃহীত হইয়া থাকে।

উদাহরণঃ—

"অতিদারুণা দ্বিজিহ্বা পরস্য মর্ম্মানুসারিণী কুটিলা।
দূরাৎ পরিহরণীয়া নারী নাগীব মুখচপলা। (হলায়ুধঃ)

(৬) মুখ-চপলাদিবিপুলার্য্যা।

উদাহরণ :—

"যস্যাশ্চ লোচনে পিঙ্গলে ভ্রুবৌ সঙ্গতে মুখং দীর্ঘম্।
বিপুলোন্নতাশ্চ দন্তাঃ কান্তাহসৌ ভবতি মুখচপলা।।" (হলায়ুধঃ)

(৭) মুখ-চপলান্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৮) মুখ-চপলোভয়বিপুলার্য্যা।

উদাহরণ :—

"বিপুলাভিজাতবংশোদ্ভবাপি রূপাতিরেকরম্যাপি।
নিঃসার্য্যতে গৃহাদ্ বল্লভাপি যদি ভবতি মুখচপলা।।" (হলায়ুধঃ)

(৯) জঘন-চপলা পথ্যার্য্যা।

"জঘনপূর্ব্বেতরত্র" (পিঙ্গল ৪।২৬)

"দ্বিতীয়ে অর্দ্ধে চপলালক্ষণঞ্চেদ্ ভবতি, সা আর্য্যা 'জঘনচপলা' নাম।"

(হলায়ুধঃ)

যে আর্য্যার পরার্দ্ধে চপলা-লক্ষণ থাকে, তাহাকে 'জঘন-চপলা' কহে।

উদাহরণ :—

"যৎপাদস্য কনিষ্ঠা, ন স্পৃশতি মহীমনামিকা বাপি।
সা সর্ব্বধূর্ত্তভোগ্যা, ভবেদবশ্যং জঘনচপলা।" (হলায়ুধঃ)

(১০) জঘন-চপলাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(১১) জঘন-চপলান্তবিপুলার্য্যা।

উদাহরণ :—

"যস্যাঃ পাদাঙ্গুষ্ঠং, ব্যতীত্য যাতি প্রদেশিনী দীর্ঘা।
বিপুলে কুলে প্রসূতাপি, সা ধ্রুবং জঘনচপলা স্যাৎ॥" (হলায়ুধঃ)

(১২) জঘন-চপলোভয়বিপুলার্য্যা।

উদাহরণ :—

"মকরধ্বজসদ্মনি দৃশ্যতে, স্ফুটং তিলকলাঞ্ছনং যস্যাঃ।
বিপুলান্বয়াভিজাতাপি, জায়তে জঘনচপলাহসৌ॥"

(১৩) মহাচপলা পথ্যার্য্যা।

"উভয়োর্মহাচপলা" (পি ৪।২৭)

"যস্যা উভয়োরর্দ্ধয়োশ্চপলালক্ষণং ভবতি, সা আর্য্যা 'মহাচপলা' নাম।"

(হলায়ুধঃ)

যে আর্য্যার পূর্ব্বার্দ্ধে ও পরার্দ্ধে চপলার লক্ষণ দেখিতে পাওয়া যায়। তাহাকে 'মহাচপলা' কহে।

উদাহরণ :—

"হৃদয়ং হরন্তি নার্য্যো, মুনেরপি ভ্রূকটাক্ষবিক্ষেপৈঃ।
দোর্মূলনাভিদেশং, নিদর্শয়ন্ত্যো মহাচপলাঃ॥" (হলায়ুধঃ)

(১৪) মহা-চপলাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(১৫) মহা-চপলান্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(১৬) মহা-চপলোভয়বিপুলার্য্যা।

উদাহরণঃ—

"চিবুকে কপোলদেশেঽপি কূপিকা দৃশ্যতে স্মিতে যস্যাঃ।
বিপুলান্বয়প্রসূতাপি জায়তে সা মহাচপলা॥" (হলায়ুধঃ)

হলায়ুধের মতে আর্য্যা-চ্ছন্দঃ ৮০ প্রকার। কিরূপে ৮০ প্রকার হইতে পারে, তাহা তিনি নিম্ন-লিখিত শ্লোকে বলিয়া গিয়াছেনঃ—

"একৈব ভবতি পথ্যা, বিপুলাস্তিস্রস্ততশ্চতস্রস্তাঃ।
চপলাভেদৈস্ত্রিভিরপি, ভিন্না ইতি ষোড়শার্য্যাঃ স্যুঃ॥
গীতিচতুষ্টয়মিত্থং, প্রত্যেকং ষোড়শপ্রকারং স্যাৎ।
সাকল্যেনার্য্যাণামশীতিরেবং বিকল্পাঃ স্যুঃ॥" (হলায়ুধঃ)

"একা পথ্যা তিস্রো বিপুলা মিলিতা এতাশ্চতস্রো জাতাঃ, পুনরেতাশ্চপলাভেদত্রয়েণ প্রত্যেকং বিশেষিতাঃ সত্যো দ্বাদশাঽন্যা আর্য্যা জায়ন্তে। তাশ্চ সর্ব্বা মিলিতা ষোড়শার্য্যা ভবন্তি। এবং গীতিরুপগীতিরুদ্গীতিরার্য্যাগীতিশ্চৈতাশ্চ পূর্ব্বোক্তষোড়শভেদৈর্ভিন্নাঃ সত্যঃ প্রত্যেকং ষোড়শপ্রকারা আর্য্যা জায়ন্তে।" (স্মৃতিতীর্থঃ)।

১টী পথ্যা ও ৩টী বিপুলা মিলিয়া ৪টী হইল। তৎপরে ৩টী চপলার প্রত্যেকটীর সহিত মিলিয়া ১২টী হইল। অতএব ৪ + ১২ = ১৬ প্রকার আর্য্যা জন্মিল। তৎপরে গীতি, উপগীতি, উদ্গীতি ও আর্য্যাগীতির প্রত্যেকটী উক্ত ১৬ প্রকারের যোগে ৬৪টী হইল। সুতরাং সর্ব্বশুদ্ধ '৮০ প্রকার' আর্য্যা জন্মিল। ৪ প্রকার গীতি-চ্ছন্দের কথা ক্রমশঃ বলা যাইবে।

(১৭) গীতি-পথ্যার্য্যা।

"আদ্যার্দ্ধসমা গীতিঃ" (পিঙ্গল ৪।২৮)

"আদ্যেন অর্দ্ধেন সমম্ অন্যম্ অর্দ্ধং যস্যাঃ সা আদ্যার্দ্ধসমা (মধ্যপদলোপী

সমাসঃ)। এতদুক্তং ভবতি, দ্বিতীয়েঽপি অর্দ্ধে ষষ্ঠ-গণো জ-কারো ন্লো বা কর্ত্তব্যঃ।" (হলায়ুধঃ)

"পথ্যার্য্যা-ছন্দের পরার্দ্ধ যদি পূর্ব্বার্দ্ধের মত লক্ষণ-বিশিষ্ট হয়, তাহা হইলে তাহাকে 'গীতি-পথ্যার্য্যা' কহে। এ স্থলে বলা কর্ত্তব্য যে, পরার্দ্ধেও ষষ্ঠ-গণ মধ্যগুরু বা সর্ব্বলঘু হইবে। উদাহরণ :—

"মধুরং বীণারণিতং, পঞ্চম-সুভগশ্চ কোকিলালাপঃ।
গীতিঃ পৌরবধূনা,-মধুনা কুসুমায়ুধং প্রবোধয়তি॥"

(হলায়ুধঃ)

(১৮) গীত্যাদি-বিপুলার্য্যা।

উদাহরণ :—

"ইয়মপরা বিপুলাগীতি,রুচ্যতে সর্ব্বলোকহিতহেতোঃ।
যদনিষ্টমাত্মনস্তৎ,পরেষু ভবতাপি মা ক্বচিৎ কারি॥"

(হলায়ুধঃ)

(১৯) গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২০) গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২১) মুখ-চপলাগীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২২) মুখ-চপলাগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২৩) মুখ-চপলাগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(২৪) মুখচপলা-গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২৫) জঘনচপলা-গীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(২৬) জঘনচপলা-গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২৭) জঘনচপলা-গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(২৮) জঘনচপলা-গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(২৯) মহাচপলা-গীতিপথ্যার্য্যা।

উদাহরণ ঃ—

"কামং চকাস্তি গীতি, মৃগীদৃশাং সীধুপানচপলানাম্।
সুরতঞ্চ মুক্তলজ্জং, নিরর্গলালাপমণিতরমণীয়ম্" ॥

(হলায়ুধঃ)

(৩০) মহাচপলা-গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৩১) মহাচপলা-গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৩২) মহাচপলা-গীত্যুভয়বিপুলার্য্যা ।

উদাহরণ :—

"পঞ্চেষুবসন্তঃ পঞ্চম,ধ্বনিস্তত্র ভবতি যদি বিপুলঃ।
চপলং করোতি কামাকুলং,মনঃ কামিনামসৌ গীতিঃ ॥"

(হলায়ুধঃ)

(৩৩) উপগীতি-পথ্যার্য্যা ।

"অন্ত্যেনোপগীতিঃ" (পিঙ্গল ৪।২১)

"অন্ত্যেন অর্দ্ধেন সমং আদ্যমর্দ্ধং যস্যাঃ, সা আর্য্যা উপগীতির্নাম ।"

(হলায়ুধঃ)।

'পথ্যার্য্যা'-ছন্দের পূর্ব্বার্দ্ধ যদি পরার্দ্ধের মত লক্ষণ-বিশিষ্ট হয়, তাহা হইলে তাহাকে 'উপগীতি পথ্যার্য্যা' কহে। উদাহরণ :—

"গান্ধর্ব্বং মকরধ্বজ,দেবস্যাস্ত্রং জগদ্বিজয়ি।
ইতি সমবেক্ষ্য মুমুক্ষুভি,রুপগীতিস্ত্যজ্যতে দেশঃ।"

(হলায়ুধঃ)

(৩৪) উপগীত্যাদি-বিপুলার্য্যা ।

উদাহরণ দুর্লভ।

(৩৫) উপগীত্যন্ত-বিপুলার্য্যা ।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৩৬) উপগীত্যুভয়বিপুলার্য্যা ।

উদাহরণ :—

"বিপুলোপগীতিঝঙ্কার,মুখরিতে ভ্রমরমালানাম্।
রেবাতপোবনে বস,মত্ত, সততং মম প্রীতিঃ" ॥

(হলায়ুধঃ)

(৩৭) মুখচপলোপগীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৩৮) মুখচপলোপগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৩৯) মুখচপলোপগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৪০) মুখচপলোপগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৪১) জঘনচপলোপগীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৪২) জঘনচপলোপগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৪৩) জঘনচপলোপগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৪৪) জঘনচপলোপগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৪৫) মহাচপলোপগীতিপথ্যার্য্যা।

উদাহরণ :—

"বিষয়ামিষাভিলাষঃ, করোতি চিত্তং সদা চপলম্।
বৈরাগ্যভাবনানাং, তথোপগীত্যা ভবেৎ স্বস্থম্"।

(হলায়ুধঃ)

(৪৬) মহাচপলোপগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৪৭) মহাচপলোপগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৪৮) মহাচপলোপগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণঃ—

"বিপুলোপগীতি সন্তজ্যতা,-মিদং স্থানকং ভিক্ষো।
বিষয়াভিলাষদোষেণ, বাধ্যতে চঞ্চলং চেতঃ॥"

(হলায়ুধঃ)

(৪৯) উদ্গীতিপথ্যার্য্যা।

"উৎক্রমেণোদ্গীতিঃ" (পি ৪।৩০)

"পূর্ব্বোক্তাৎ ক্রমাদ্ বিপরীতক্রমঃ উৎক্রমঃ। অয়মর্থঃ, আদ্যম্ অর্দ্ধম্ অন্তে ভবতি, অন্ত্যম্ অর্দ্ধম্ আদৌ, সা উদ্গীতির্নাম আর্য্যা॥"

(হলায়ুধঃ)

'পথ্যার্য্যা'-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধ যদি পরার্দ্ধ, এবং পরার্দ্ধ যদি পূর্ব্বার্দ্ধ হয়, তাহা হইলে তাহাকে 'উদ্গীতি-পথ্যার্য্যা' কহে। উদাহরণঃ—

"ব্যাধ ইবোদ্গীতিরবৈঃ, প্রথমং তাবন্মনো হরসি।
দুর্নয়কর বিশ্রাম্যসি, পশ্চাৎ প্রাণেষু বিপ্রিয়ৈঃ শল্যৈঃ॥"

(হলায়ুধঃ)

(৫০) উদ্গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৫১) উদ্গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৫২) উদ্গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ ঃ—

"এষা তবাপরোদ্গীতি, রত্র বিপুলা পরিভ্রমতি।
ত্বঞ্জলভাপি যৎ, কীর্ত্তিরখিলদিক্‌পালপার্শ্বমুপযাতি॥"

(হলায়ুধঃ)

(৫৩) মুখচপলোদ্গীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৫৪) মুখচপলোদ্গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৫৫) মুখচপলোদ্গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৫৬) মুখচপলোদ্গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৫৭) জঘনচপলোদ্গীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৫৮) জঘনচপলোদ্গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৫৯) জঘনচপলোদ্গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৬০) জঘনচপলোদ্গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৬১) মহাচপলোদ্গীতিপথ্যার্য্যা।

উদাহরণ :—

"উদ্গীতিরত্র নিত্যং, প্রবর্ত্ততে কামচপলানাম্।
তস্মান্মুনে বিমুঞ্চ, প্রদেশমেতং সমেতমেতাভিঃ॥"

(হলায়ুধঃ)

(৬২) মহাচপলোদ্গীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৬৩) মহাচপলোদ্গীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৬৪) মহাচপলোদ্গীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ :—

"বিপুলা পয়োধরশ্রোণি,মণ্ডলে চক্ষুষোশ্চপলা।
উদ্গীতিশালিনী কামিনী, চ সা বর্ণিনাং মনো হরতি॥"

(হলায়ুধঃ)।

(৬৫) আর্য্যাগীতিপথ্যার্য্যা

"অর্দ্ধে বসুগণ আর্য্যাগীতিঃ" (পিঙ্গল ৪।৩১)

"অষ্টগণে প্রথমেঽর্দ্ধে সা আর্য্যাগীতির্নাম আর্য্যা। অষ্টমোঽপি গণশ্চতুর্মাত্রিকো ভবতীত্যর্থঃ। বিশেষাভাবাদ্ দ্বিতীয়মপ্যর্দ্ধং তাদৃশমেব। অত্রাপি ষষ্ঠো গণো দ্বিবিকল্প এব ন ল-কারঃ।" (হলায়ুধঃ)

যে আর্য্যার পূর্ব্বার্দ্ধে অষ্ট-গণ (৩২ মাত্রা) থাকে, তাহাকে 'আর্য্যাগীতি' কহে। পরার্দ্ধেরও ঠিক এই নিয়ম। প্রত্যেক অর্দ্ধের ৬ষ্ঠ গণ জ-কার (মধ্যগুরু) অথবা চতুর্লঘু হইবে। সুতরাং প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদের প্রত্যেকটীতে ২০ মাত্রা থাকিবে। উদাহরণ :—

"অজমজরমমরমেকং, প্রত্যক্ চৈতন্যমীশ্বরং ব্রহ্ম পরম্।
আত্মানং ভাবয়তো, ভবমুক্তিঃ স্যাদিতীয়মার্য্যাগীতিঃ।"

(হলায়ুধঃ)

(৬৬) আর্য্যাগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৬৭) আর্য্যাগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৬৮) আর্য্যাগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ :—

"বিষয়াভিলাষমৃগতৃষ্ণিকা, ধ্রুবং হরতি হরিণমিব হতহৃদম্।
বিপুলাত্মমোক্ষসুখকাঙ্ক্ষিভি,স্ততস্ত্যজ্যতে বিষয়রসসঙ্গঃ।"

(হলায়ুধঃ)

(৬৯) মুখচপলার্য্যাগীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৭০) মুখচপলার্য্যাগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

পরিশিষ্টম্।

(৭১) মুখচপলার্য্যাগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৭২) মুখচপলার্য্যাগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৭৩) জঘনচপলার্য্যাগীতিপথ্যার্য্যা।

উদাহরণঃ—

"বাতাহতোর্ম্মিমালা,চপলং সংপ্রেক্ষ্য বিষয়সুখমল্পতরম্।
মুক্ত্বা সমস্তসঙ্গং,তপোবনান্যাশ্রয়ন্তি তেনাত্মবিদঃ॥"

(হলায়ুধঃ)

(৭৪) জঘনচপলার্য্যাগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৭৫) জঘনচপলার্য্যাগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৭৬) জঘনচপলার্য্যাগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৭৭) মহাচপলার্য্যাগীতিপথ্যার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৭৮) মহাচপলার্য্যাগীত্যাদিবিপুলার্য্যা।

উদাহরণ দুর্লভ।

(৭৯) মহাচপলার্য্যাগীত্যন্তবিপুলার্য্যা।

উদাহরণ দুষ্প্রাপ্য।

(৮০) মহাচপলার্য্যাগীত্যুভয়বিপুলার্য্যা।

উদাহরণ ঃ—

"চপলানি চক্ষুরাদীনি,চিত্তহারী চ হন্ত বিষয়গণঃ।
একান্তশীলিনাং যোগিনা,মতো ভবতি পরমসুখসম্প্রাপ্তিঃ॥"

(হলায়ুধঃ)

হলায়ুধের মতে যে ৮০ (অশীতি) প্রকার আর্য্যা-চ্ছন্দ হয়, তাহাদিগের নাম ও লক্ষণাদি যথাসম্ভব লিখিত হইল। এতদ্ভিন্ন বৃত্তরত্নাকরের টীকাকার নারায়ণ-ভট্ট যে ১১ (একাদশ) প্রকার আর্য্যা-চ্ছন্দের নাম, লক্ষণ ও উদাহরণ দিয়া গিয়াছেন, তাহাও নিম্নে প্রদর্শিত হইল ঃ—

(৮১) সঙ্গীতিঃ।

"আর্য্যৈব দলদ্বয়েঽপ্যধিকৈকগুরুযুতা সঙ্গীতিঃ" (নারায়ণ-ভট্টঃ)

'পথ্যার্য্যা'-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধের ও উত্তরার্দ্ধের শেষে যদি একটী করিয়া অধিক গুরুবর্ণ (২ মাত্রা) থাকে, তাহা হইলে তাহাকে 'সঙ্গীতি'-চ্ছন্দ বলা হয়। সুতরাং 'সঙ্গীতি'-চ্ছন্দে প্রথম ও তৃতীয় পাদে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ২০ মাত্রা ও ১৭ মাত্রা থাকে।

এইখানে বলিয়া রাখা উচিত যে, পথ্যার্য্যা-চ্ছন্দের যে যে স্থানে যেরূপ 'গণ' ও 'যতি' রক্ষা করিবার কথা পূর্ব্বে উক্ত হইয়াছে, এই ১১ (একাদশ) প্রকার আর্য্যারও সেই সেই স্থানে সেইরূপ 'গণ' ও 'যতি' রক্ষিত হইবে।

"আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমবিলাসঃ।
রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহতুল্যঃ॥"

(নারায়ণ-ভট্টঃ)

(৮২) সুগীতিঃ।

"পূর্ব্বার্দ্ধ এবাধিকৈকগুরুযুক্ সুগীতির্নাম" (নারায়ণ-ভট্টঃ)

'পথ্যার্য্যা'-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধের শেষে যদি কেবল একটী অধিক গুরুবর্ণ

(২ মাত্রা) থাকে, তবে তাহা 'সুগীতি'-নামে কথিত হয়। অর্থাৎ 'সুগীতি'-ছন্দের প্রথম ও তৃতীয় পাদে ১২ মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থপাদে, যথাক্রমে ২০ মাত্রা ও ১৫ মাত্রা থাকে।

উদাহরণঃ—

"আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমবিলাসঃ।
রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহরূক্‌॥"

(নারায়ণ-ভট্টঃ)

(৮৩) প্রগীতিঃ।

"যদি উত্তরার্দ্ধ এব তাদৃক্‌, তদা প্রগীতির্নাম" (নারায়ণ-ভট্টঃ)

'পথ্যার্য্যা'-ছন্দের পরার্দ্ধের শেষে যদি কেবল একটী অধিক গুরুবর্ণ (২ মাত্রা) থাকে, তবে তাহার নাম 'প্রগীতি'-ছন্দঃ। অর্থাৎ 'প্রগীতি'-ছন্দের প্রথম ও তৃতীয় পাদে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৮ মাত্রা ও ১৭ মাত্রা থাকে।

উদাহরণ : —

"আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমার্য্যঃ।
রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহতুল্যঃ॥'

(নারায়ণ-ভট্টঃ)

(৮৪) অনুগীতিঃ।

"সুগীতিরেব ব্যত্যস্তার্দ্ধাহনুগীতিঃ" (নারায়ণ-ভট্টঃ)

উল্লিখিত 'সুগীতি'-ছন্দের পূর্ব্বার্দ্ধকে পরার্দ্ধ এবং পরার্দ্ধকে পূর্ব্বার্দ্ধ করিলে 'অনুগীতি'-ছন্দ হয়। 'অনুগীতি'-ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৫ মাত্রা ও ২০ মাত্রা থাকে অনুগীতি'-ছন্দঃ 'সুগীতি'-ছন্দের বিপরীত।

উদাহরণ :—

"রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহরুরুক্।
আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমবিলাসঃ॥"

(নারায়ণ-ভট্টঃ)

(৮৫) মঞ্জুগীতিঃ।

"প্রগীতিরেব ব্যত্যস্তার্দ্ধা মঞ্জুগীতিঃ" (নারায়ণ-ভট্টঃ)

উল্লিখিত 'প্রগীতি'-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধকে পরার্দ্ধ এবং পরার্দ্ধকে পূর্ব্বার্দ্ধ করিলে 'মঞ্জুগীতি'-চ্ছন্দঃ হইয়া থাকে। 'মঞ্জুগীতি'-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৭ মাত্রা ও ১৮ মাত্রা থাকে। 'মঞ্জুগীতি'-চ্ছন্দঃ 'প্রগীতি'-চ্ছন্দের বিপরীত।

উদাহরণ :—

রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহতুল্যঃ।
আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমার্য্যঃ॥"

(নারায়ণ-ভট্টঃ)

(৮৬) বিগীতিঃ।

"যদি অবিকৈকগুরুণার্য্যোত্তরার্দ্ধেন পঠিতার্দ্ধদ্বয়া তদা বিগীতিঃ"

(নারায়ণ-ভট্টঃ)

পথ্যার্য্যা-চ্ছন্দের চতুর্থ পাদের শেষে একটী গুরুবর্ণ (২ মাত্রা) থাকিলে তাহার আকার যেরূপ হয়, দ্বিতীয় পাদেরও যদি ঠিক্ সেইরূপ আকার হয়, তাহা হইলে 'বিগীতি'-চ্ছন্দঃ হইয়া থাকে। 'বিগীতি'-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদের প্রত্যেকটীতে ১৭ মাত্রা থাকে।

পরিশিষ্টম্।

উদাহরণ :—

“বিষয়ান্ বিষধরবিষমান্,সংস্থতিমপি নীরসাং জ্ঞাতবতঃ।
সংসারসারভূতে,দশরথবালে মতিঃ স্থৈর্য্যমিয়াৎ ॥”

(নারায়ণ-ভট্টঃ)

(৮৭) চারুগীতিঃ।

“যদি উদ্গীতির্দ্বয়োরপার্দ্ধয়োরধিকগুরুযুক্তা তদা চারুগীতিঃ (নারায়ণ-ভট্টঃ)

‘উদ্গীতি’-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধের ও পরার্দ্ধের শেষে যদি একটী করিয়া গুরুবর্ণ (২ মাত্রা) থাকে, তবে ‘চারুগীতি’-চ্ছন্দঃ হয়। ‘চারুগীতি’-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৭ মাত্রা ও ২০ মাত্রা থাকে। ‘চারুগীতি’-চ্ছন্দঃ ‘সঙ্গীতি’-চ্ছন্দের বিপরীত।

উদাহরণ :—

“রামেশ্বরভট্টগুরু,র্জয়তি পিতা মে পিতামহতুল্যঃ।
আগমবিদ্যৈকনিধি,র্বিবুধেন্দ্রশতৈরধীতনিগমবিলাসঃ ॥”

(নারায়ণ-ভট্টঃ)

(৮৮) বল্লগীতিঃ।

“আর্য্যাগীতেরেবৈকগুরুহীনোত্তরার্দ্ধে তায়াং বল্লগীতিঃ” (নারায়ণ-ভট্টঃ)

‘আর্য্যাগীতি’-চ্ছন্দের পরার্দ্ধের শেষে যদি একটী গুরুবর্ণ (২ মাত্রা) না থাকে, তাহা হইলে ‘বল্লগীতি’-চ্ছন্দঃ হয়। ‘বল্লগীতি’-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ২০ মাত্রা ও ১৮ মাত্রা থাকে।

উদাহরণ :—

“পীনোন্নতকুচকলসা, পীবরজঘনোরুভারমন্থরযাত্রা।
পশ্যন্তী প্রণয়েন হি, তরুণী কং বা ন চালয়েৎ পুরুষম্” ॥

(নারায়ণ-ভট্টঃ)

(৮৯) ললিতা।

"আর্য্যাগীতেরেবৈকগুরুহীনপূর্ব্বা[illegible]তায়াং ললিতা" (নারায়ণ-ভট্টঃ)

আর্য্যাগীতি-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধের শেষে যদি একটী গুরুবর্ণ (২ মাত্রা) না থাকে, তাহা হইলে 'ললিতা'-চ্ছন্দঃ হয়। 'ললিতা'-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৮ মাত্রা ও ২০ মাত্রা থাকে। 'ললিতা'-চ্ছন্দঃ 'বক্তগীতি'-চ্ছন্দের বিপরীত।

উদাহরণ :—

"পশ্যন্তী প্রণয়েন হি, তরুণী কং বা ন চালয়েৎ পুরুষম্।
পীনোন্নতকুচকলসা, পীবরজঘনোরুভারমন্থরযাতা॥

(নারায়ণ-ভট্টঃ)

(৯০) প্রমদা।

"উপগীতিরেবাদ্যার্দ্ধেঽধিকৈকগুরুযুতা প্রমদা নাম" (নারায়ণ-ভট্টঃ)

'উপগীতি'-চ্ছন্দের পূর্ব্বার্দ্ধের শেষে যদি একটী গুরুবর্ণ (২ মাত্রা) থাকে, তাহা হইলে 'প্রমদা'-চ্ছন্দঃ হয়। 'প্রমদা'-চ্ছন্দের প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে ১৭ মাত্রা ও ১৫ মাত্রা থাকে।

উদাহরণ :—

"যস্য বিলাসবতীনাং,কেলিকলাকৌশলরতৈর্বিরতিঃ।
মৈথুনমাত্ররসজ্ঞঃ,শৃঙ্গবিহীনঃ পুমান্ স পশুঃ॥"

(নারায়ণ-ভট্টঃ)

(৯১) চন্দ্রিকা।

"উপগীতিরেব উত্তরার্দ্ধেঽধিকৈকগুরুযুতা চন্দ্রিকা নাম" (নারায়ণ-ভট্টঃ)

'উপগীতি'-চ্ছন্দের পরার্দ্ধের শেষে যদি একটী গুরুবর্ণ (২ মাত্রা) অধিক থাকে, তাহা হইলে 'চন্দ্রিকা'-চ্ছন্দঃ হইয়া থাকে। 'চন্দ্রিকা'-চ্ছন্দের প্রথম ও

পরিশিষ্টম্।

তৃতীয় পাদের প্রত্যেকটীতে ১২ মাত্রা, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে যথাক্রমে [illegible] মাত্রা ও ১৭ মাত্রা থাকে। 'চন্দ্রিকা'-ছন্দঃ 'প্রমদা'-ছন্দের বিপরীত।

উদাহরণ:—

মৈথুনমাত্ররসজ্ঞঃ, শৃঙ্গবিহীনঃ পুমান্ স পশুঃ।
যস্য বিলাসবতীনাং,কেলিকলাকৌশলরতের্বিরতিঃ॥" (নারায়ণ-ভট্টঃ)

এইখানে একটী বক্তব্য আছে। নিম্ন-লিখিত প্রাচীন শ্লোকটী একবার দেখুন:—

"যদ্যপি বহু নাধীষে, তথাপি পঠ পুত্র ব্যাকরণম্।
স্বজনঃ শ্বজনো মা ভূৎ, সকলং শকলং সকৃৎ শকৃৎ॥"

এই শ্লোকটী কি ছন্দে রচিত, তাহা সুধীগণের বিবেচ্য। যদি ইহা 'আর্য্যা-ছন্দে রচিত হয়, তাহা হইলে ইহাতে অনেকগুলি দোষ আছে। প্রথমতঃ, দ্বিতীয়-পাদে ১৬ মাত্রা রহিয়াছে। দ্বিতীয়তঃ, ৬ষ্ঠ গণে জ-গণ বা চতুর্লঘু নাই। তৃতীয়তঃ, চতুর্থ-পাদে ১৪ মাত্রা আছে। চতুর্থতঃ, চতুর্থ-পাদে 'কৃৎ শকৃৎ' এই পঞ্চকল গণ রহিয়াছে। পঞ্চমতঃ, "কৃৎ শকৃৎ" এই দুইটী পদে সন্ধি করা হয় নাই। ইহা যে 'আর্য্যা'-ছন্দে কবি রচনা করিয়াছিলেন, তদ্বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। কিন্তু দুঃখের বিষয় এই যে, ইহা উল্লিখিত ৯১ প্রকার 'আর্য্যা'-ছন্দের কোনটীই নহে। বোধ হয়, পাঠের দোষেই শ্লোকটী ক্রমে ক্রমে এইরূপ বিকলাঙ্গ হইয়া রহিয়াছে। এখন শ্লোকটীর ভাব অক্ষুন্ন রাখিয়া ইহাকে বিশুদ্ধ 'পথ্যার্য্যা'-ছন্দে পরিণত করা গেল:—

"যদ্যপি বহু নাধীষে, ব্যাকরণং পঠ তথাপি রে পুত্র।
মা ভূৎ স্বজনঃ শ্বজনঃ, সকলঃ শকলঃ সকৃচ্চ শকৃৎ॥"

(উদ্ভটসাগরস্থ)

সম্পূর্ণম্।